

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৫১

আগরতলা, ৫ অক্টোবর, ২০২৬

এক মাসব্যাপী বিভিন্ন স্থানে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

মানুষের জীবন রক্ষায় রক্তের প্রয়োজনীয়তা এবং স্বেচ্ছায় রক্তদানের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এক মাসব্যাপী বিভিন্ন স্থানে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। এই কর্মসূচিতে বিভিন্ন সামাজিক সংগঠন, স্বেচ্ছাসেবী সংস্থা, যুবসমাজ ও সাধারণ মানুষ সক্রিয় অংশগ্রহণ করেছে। উক্ত রক্তদান কর্মসূচিতে আই জি এম হাসপাতালের সহযোগিতায় বিভিন্ন স্থানে ও প্রতিষ্ঠানে পর্যায়ক্রমে রক্তদান শিবির আয়োজন করে সংগৃহীত রক্ত হাসপাতালের ব্লাড ব্যাংকের মাধ্যমে প্রয়োজনে থ্যালাসেমিয়া রোগী, দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তি, অস্ত্রোপচারের রোগী এবং অন্যান্য জরুরি রোগীদের চিকিৎসায় ব্যবহার করা হবে।

এক মাসব্যাপী এই রক্তদান শিবিরে ৪৬২ জন রক্তদান করেছেন। বর্তমান প্রযুক্তির যুগে অন্যতম শ্রেষ্ঠ দান হচ্ছে রক্তদান। যেকোনো সুস্থ মানুষ যার হিমোগ্লোবিনের মাত্রা কমপক্ষে ১২ গ্রাম% যার রক্তচাপ স্বাভাবিক, যিনি কোন সংক্রামক রোগে ভুগছেন না, বিগত এক বছরে কোন অস্ত্রোপচার হয়নি এইরূপ ব্যক্তি রক্ত দিতে পারেন। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে, রক্তের কোনো কৃত্রিম বিকল্প নেই এবং একজন সুস্থ মানুষের স্বেচ্ছায় দান করা রক্ত একজন মূর্খ রোগীর জীবন বাঁচাতে পারে। তাই সমাজের সুস্থ ও সক্ষম নাগরিকদের এই মহৎ কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানানো হয়েছে। আই জি এম হাসপাতালের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
